# বলিউড তারকা শাহরুখ খানের শুটিং সেটে গুরুতর চোট পাওয়ার ব্যাপারে যা জানা গেল



বলিউড তারকা শাহরুখ খান: সংগৃহীত ছবি

বলিউড সুপারস্টার শাহরুখ খানকে নিয়ে সম্প্রতি ছড়ানো একটি খবর ভক্তদের মনে উদ্বেগ তৈরি করেছে—মুম্বাইয়ে ‘কিং’ সিনেমার শুটিংয়ে নাকি আহত হয়েছেন তিনি। তবে এই খবরকে সম্পূর্ণ ভিত্তিহীন গুজব বলে নিশ্চিত করেছে ভারতের একাধিক সংবাদমাধ্যম।

শাহরুখ খান বর্তমানে 'কিং' চলচ্চিত্রে ব্যস্ত সময় পার করছেন। কিছুদিন আগে শোনা যায়, মুম্বাইয়ের একটি স্টুডিওতে অ্যাকশন দৃশ্য ধারণের সময় তিনি আঘাত পান এবং এরপর চিকিৎসার জন্য যুক্তরাষ্ট্রে পাড়ি জমান। এমনকি বলা হয়, ডাক্তাররা তাকে অন্তত এক মাস বিশ্রামে থাকার পরামর্শ দিয়েছেন, যার ফলে সিনেমার শিডিউলও পিছিয়ে গেছে।

তবে টাইমস অব ইন্ডিয়া ও এনডিটিভির প্রতিবেদন বলছে ভিন্ন কথা। তাদের মতে, শাহরুখ খান কোনও দুর্ঘটনায় পড়েননি এবং তার আহত হওয়ার খবরটি পুরোপুরি ভুয়া।

যদিও শাহরুখ বর্তমানে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন, সেটি সত্য। তবে সেটা হচ্ছে তার পূর্বনির্ধারিত স্বাস্থ্য পরীক্ষার অংশ হিসেবে। অতীতেও অ্যাকশন দৃশ্য করতে গিয়ে আঘাত পাওয়ার অভিজ্ঞতা রয়েছে তার, তাই সময়ান্তরে তিনি চিকিৎসকদের ফলোআপ করাতে যুক্তরাষ্ট্রে যান।

এর আগেও কিং খানের অসুস্থতা নিয়ে এমন গুজব বহুবার ছড়িয়েছে।

অন্যদিকে, ভক্তদের মধ্যে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে আরেকটি খবরে—শাহরুখ নাকি বলিউডের বহুল আলোচিত ‘ডন ৩’ সিনেমায় একটি গুরুত্বপূর্ণ ক্যামিও চরিত্রে ফিরতে যাচ্ছেন। তবে এটি কোনো সাধারণ ক্যামিও নয়, বরং পরিচালক ফারহান আখতারের পরিকল্পনায় থাকছে এক ‘জাঁকজমকপূর্ণ’ উপস্থিতি।

সোর্স:টাইমস অফ ইন্ডিয়া, এনডিটিভি।